প্রেস রিলিজ

তারিখ: ০৯ নভেম্বর ২০২৬

বাউবিতে নজরুল বর্ষ উদযাপন উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে (বাউবি) যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে 'নজরুল বর্ষ উদযাপন' উপলক্ষে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের গান, কবিতা আবৃত্তি ও একক অভিনয় প্রতিযোগিতার আয়োজন করা হয়। তিনটি বিভাগে অনুষ্ঠিত এসব প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ী বাউবি'র শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়েছে। আজ সোমবার (৯ নভেম্বর ২০২৬) সকাল ১০টায় গাজীপুরে বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসের কেন্দ্রীয় সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে এ পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন অনুষ্ঠানের প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব আলী নেওয়াজ মাহমুদ খৈয়ম এবং বাউবি উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)

Main Campus: Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 996691119, IP: +88 09666730730, Ex. 777
e-mail: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd